ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ উদ্বোধন উপলক্ষে জেলা প্রশাসকের প্রেস ব্রিফ

আগামী ১৯ নভেম্বর জেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিতব্য ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ উদ্বোধন উপলক্ষে প্রেস ব্রিফ করেছেন ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

বৃহস্পতিবার বিকালে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আয়োজিত এই প্রেস ব্রিফিং অনুষ্ঠানে অনুষ্ঠিতব্য ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ মেলার বিভিন্ন দিক তুলে ধরে বক্তব্য রাখেন জেলা প্রশাসক।

এসময় স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক (ডিডিএলজি) মৃধা মোহাম্মদ মুজাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আশরাফুজ্জামান ভূঁইয়া, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস।

উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রেসক্লাবে সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন, সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টুসহ বিভিন্ন পত্রিকার স্থানীয় সাংবাদিকবৃন্দ।

জেলা প্রশাসক প্রেস ব্রিফিং এ বলেন, প্রধান মন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষমাত্রা, এবং ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার লক্ষে সরকার প্রতিনিয়ত বিভিন্ন কার্যক্রম হাতে নিচ্ছেন।প্রযুক্তি বান্ধব নানা উদ্ভাবনের মাধ্যমে নাগরিক জীবনকে আরো সহজ সমৃদ্ধ এবং স্মার্ট করে গড়ে তুলতে সারাদেশের উদ্ভাবকদের উদ্ভাবনী সক্ষমতা দেশের প্রয়োজনে কাজে লাগাতে দেশব্যাপী আয়োজন করছে ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২।

সরকারি অফিসের মাধ্যমে নাগরিকদের সামনে সেবা উপস্থাপনার সংস্কৃতি চর্চা উদ্ভাবনী মেলা থেকে নাগরিকদের সারসরি সেবা গ্রহণের সুযোগ সৃষ্টি ও সরকারি সেবার মানোন্নয়নে নাগরিকদের মতামত গ্রহণের সংস্কৃতি গঠণ ইত্যাদি লক্ষ ও উদ্দেশ্যকে সামনে রেখে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণে ডিজিটাল উদ্ভাবনী মেলা অনুষ্ঠিত হবে।